শংসাপত্র নিয়ে নবনির্বাচিত সাংসদ কোয়েল মল্লিক, বাবুল সুপ্রিয়, রাজীব কুমার। রয়েছেন মন্ত্রী অরূপ বিশ্বাস, বিধানসভার মুখ্য সচেতক নির্মল ঘোষ। বিধানসভায়, সোমবার। ছবি: অভিজিৎ মণ্ডল

রাজ্যসভার জয়ীদের সার্টিফিকেট

আজকালের প্রতিবেদন

বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেলেন তৃণমূল কংগ্রেসের চার প্রার্থী। সোমবার রাজীব কুমার, বাবুল সুপ্রিয়, কোয়েল মল্লিক তাঁদের সার্টিফিকেট নিলেন। মেনকা গুরুস্বামী দিল্লিতে সুপ্রিম কোর্টে ব্যস্ত থাকায় তাঁর হয়ে সার্টিফিকেট নিলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। ৫ মার্চ বিধানসভায় সব প্রার্থী নিজেদের মনোনয়নপত্র পেশ করেন। তৃণমূলের চারজনই নির্ভুল ভাবে মনোনয়ন ফর্ম পূরণ করতে পারলেও বিজেপির একমাত্র প্রার্থী রাহুল সিনহা ফর্ম পূরণ করতে গিয়ে ভুলত্রুটি করে ফেলেন। পরে অবশ্য ঠিক করে জমা দেন নিজের মনোনয়নপত্র। তিনিও বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এদিন রাহুল সিনহাও নিজের সার্টিফিকেট নেন। বিধানসভার করিডরে বাবুল সুপ্রিয়র সঙ্গে তাঁর দেখা হয়।

নবম-দশমে শিক্ষক নিয়োগ

তথ্য যাচাই, ইন্টারভিউ শুরু ২৩ মার্চ থেকে

আজকালের প্রতিবেদন

নবম-দশমে শিক্ষক নিয়োগে তথ্য যাচাই ও ইন্টারভিউ প্রক্রিয়া শুরু করতে চলেছে স্কুল সার্ভিস কমিশন। সোমবার কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে নবম-দশমের তথ্য যাচাই ও ইন্টারভিউ শুরুর সম্ভাব্য দিন ২৩ মার্চ। যা চলবে ২৩ মে পর্যন্ত। মার্চ, এপ্রিল এবং মে মাস জুড়ে চলবে এই প্রক্রিয়া। নবম-দশমের ক্ষেত্রে তথ্য যাচাইয়ের সঙ্গেই চলবে ইন্টারভিউ। যাতে সুপ্রিম কোর্টের বেঁধে দেওয়া সময়সীমা, আগস্টের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া শেষ করা যায়। এই কারণেই নবম-দশমের ক্ষেত্রে তথ্য যাচাই কেন্দ্রীয় ভাবে না হয়ে হবে কমিশনের আঞ্চলিক দপ্তরে। তবে তথ্য যাচাই এবং ইন্টারভিউ আলাদা দিনে হবে। কবে কোন বিষয়ের তথ্য যাচাই ও ইন্টারভিউ তা পরে কমিশনের ওয়েবসাইটে জানানো হবে। প্রসঙ্গত, নবম-দশমে ৪০ হাজার চাকরিপ্রার্থীর প্যানেল প্রকাশিত হয়েছিল ১২ ডিসেম্বর। এদিন একাদশ-দ্বাদশের বাকি বিষয়গুলির কাউন্সেলিং কবে থেকে শুরু হবে তাও জানানো হয়েছে। ২৪ মার্চ থেকে ৮ মে পর্যন্ত চলবে একাদশ-দ্বাদশের কাউন্সেলিং এবং তার ভিত্তিতে চাকরির সুপারিশপত্র দেওয়ার কাজ। যা হবে কমিশনের প্রধান কার্যালয়ে। কবে কোন বিষয়ের কাউন্সেলিং তা পরে জানাবে কমিশন। একাদশ-দ্বাদশে এখনও পর্যন্ত ৭টি বিষয়ের ১৮২ জনকে চাকরির সুপারিশপত্র দিয়েছে কমিশন।

অভিনেতা তমাল রায়চৌধুরি প্রয়াত

আজকালের প্রতিবেদন

প্রবীণ অভিনেতা তমাল রায়চৌধুরি প্রয়াত। সোমবার ভোরে ঘুমের মধ্যেই হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় টলিপাড়ার এই জনপ্রিয় চরিত্রাভিনেতার। বয়স হয়েছিল ৮০ বছর। হৃদ্‌যন্ত্রের সমস্যায় কিছুদিন আগে পেসমেকার বসানো হয়। অসুস্থতা এবং বয়সজনিত কারণে দীর্ঘ দিন অভিনয় থেকে দূরে ছিলেন তিনি। তাঁর মৃত্যুতে শোকের ছায়া বাংলা চলচ্চিত্র ও থিয়েটার জগতে। বহু বছর ধরে বাংলা সিনেমা, টেলিভিশন ধারাবাহিক এবং নাট্যমঞ্চে অভিনয় করেছেন তমাল রায়চৌধুরি। অভিনয়ের জগতে তাঁর দীর্ঘ অভিজ্ঞতা এবং বিভিন্ন ধরনের চরিত্রে সাবলীল অভিনয় তাঁকে দর্শকদের কাছে পরিচিত করে তুলেছিল। অভিনয়ের প্রতি তাঁর আগ্রহ স্কুলজীবন থেকেই। ছোটবেলা থেকেই বিভিন্ন নাটকে অভিনয় করতেন তিনি। পাড়ার নাটকেও তাঁর অভিনয় দেখে প্রশংসা করতেন সবাই। ১৯৬২ সাল থেকে থিয়েটারের প্রতি তাঁর আগ্রহ আরও বাড়তে শুরু করে। তৈরি করেছিলেন নিজের নাট্যদল 'ক্যালকাটা পারফরমার্স'। বেশ কিছু বাংলা ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা গিয়েছে তাঁকে। এর মধ্যে রয়েছে 'চ্যালেঞ্জ', 'লে হালুয়া লে', 'বিন্দাস', 'আলো', 'জাতিস্মর', 'অ্যামাজন অভিযান', 'চাঁদের পাহাড়' প্রভৃতি। এছাড়াও মীরা নায়ার পরিচালিত 'দ্য নেমসেক' ছবিতে ইরফান খানের বাবার চরিত্রে এবং অঞ্জন দত্ত পরিচালিত 'বড়দিন' ছবিতে তাঁর অভিনয় প্রশংসিত হয়েছিল। সবশেষে তাঁকে দেখা গিয়েছিল তথাগত মুখোপাধ্যায় পরিচালিত ছবি 'ভটভটি'তে। সিনেমার পাশাপাশি ছোটপর্দার বিভিন্ন ধারাবাহিকেও একচেটিয়া অভিনয় করেছেন। একই সঙ্গে নাটকের মঞ্চেও তাঁর উপস্থিতি ছিল উল্লেখযোগ্য। বেশ কিছু নাটকের পরিচালনার দায়িত্বও সামলেছিলেন তিনি। সোমবার বিকেলে টেকনিশিয়ান্স স্টুডিওয় অভিনেতার মরদেহ আনা হলে সেখানে আর্টিস্টস ফোরামের পক্ষে শ্রদ্ধা জানান প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, ঋতুপর্ণা সেনগুপ্ত, সুমন্ত মুখোপাধ্যায়-সহ বিশিষ্টরা। টেকনিশিয়ান্স স্টুডিও থেকে তাঁর দেহ নিয়ে যাওয়া হয় কেওড়াতলা শ্মশানে। সেখানেই সন্ধেয় তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

তমাল রায়চৌধুরি

পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ডের আয়োজনে উদ্বোধন হল বসন্ত বইমেলার। অনুষ্ঠানে রয়েছেন জয় গোস্বামী, ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়, সুধাংশুশেখর দে, অমর মিত্র, উদ্দালক দে, সুপর্ণা দত্ত-সহ বহু বিশিষ্টজন। কলেজ স্কোয়্যারে, সোমবার। ছবি: আজকাল

স্পেশ্যাল এডুকেটর নিয়োগ

আজকালের প্রতিবেদন

সুপ্রিম কোর্টের নির্দেশে ৯৫ জন স্পেশ্যাল এডুকেটরকে চাকরির সুপারিশপত্র দিতে চলেছে স্কুল সার্ভিস কমিশন। ১৪ এবং ১৬ মার্চ তাঁদের সুপারিশপত্র দেওয়া হবে। কমিশন সূত্রে খবর, তাঁরা ইতিমধ্যেই বিভিন্ন স্কুলে বিশেষ চাহিদা সম্পন্ন পড়ুয়াদের পড়াচ্ছিলেন। কোর্টের নির্দেশে তাঁদের মধ্যে এই ৯৫ জনকে নির্দিষ্ট স্কুলে স্থায়ীকরণ করা হচ্ছে। এই কারণেই তাঁদের সুপারিশপত্র দেওয়া হবে। সোমবার এ নিয়ে বিজ্ঞপ্তি জারি হয়েছে। তাতে তাঁদের নাম এবং জেলার উল্লেখ রয়েছে। এদিকে এদিন প্রাথমিকে স্পেশ্যাল এডুকেটর নিয়োগের জন্য নেওয়া টেটের ফল প্রকাশিত হয়েছে। শূন্যপদের সংখ্যা ২ হাজার ৩০৮। পরীক্ষায় বসার জন্য আবেদন করেছিলেন ৩ হাজারের কিছু বেশি। পরীক্ষা দেন ২ হাজার ৭৭৯ জন। সফল হয়েছেন ২০১ জন। পর্ষদের ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল দেখা যাচ্ছে।

কিছু জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি

আজকালের প্রতিবেদন

সোমবার কিছু জেলায় বিক্ষিপ্ত ভাবে হালকা বৃষ্টি হল। আবহাওয়া দপ্তর জানিয়েছে, মঙ্গল এবং বুধবারেও দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্ত বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হবে। উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টি চলবে বৃহস্পতিবার পর্যন্ত। এদিন পূর্বাভাসে এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

এদিন বৃষ্টির কারণে সর্বোচ্চ তাপমাত্রা অধিকাংশ জেলাতেই ছিল স্বাভাবিকের থেকে কম। সর্বনিম্ন তাপমাত্রার ক্ষেত্রেও ছিল একই পরিস্থিতি। আবহাওয়া দপ্তর জানিয়েছে, মঙ্গলবার দক্ষিণবঙ্গের পূর্ব বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা এবং নদিয়ায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের একাধিক জেলায় বৃষ্টি হতে পারে। বুধবার দক্ষিণবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে মুর্শিদাবাদ, নদিয়া, দুই ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরে। উত্তরবঙ্গে বৃষ্টি হতে পারে দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার এবং কোচবিহারে। দক্ষিণবঙ্গের অন্য জেলাগুলিতেও মঙ্গল, বুধবারে হালকা বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে। বৃহস্পতিবারে উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার এবং কোচবিহারে।

আজও বার কাউন্সিলের নির্বাচন

পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের নির্বাচন শুরু হল। সোমবার সকাল থেকেই কলকাতা হাইকোর্ট-সহ রাজ্যের বিভিন্ন আদালতে ভোটগ্রহণ শুরু হয়েছে। আজ, মঙ্গলবারও চলবে ভোটদান প্রক্রিয়া। সকাল ১০টা থেকে ভোটদান পর্ব, চলে বিকেল ৫টা পর্যন্ত। পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের মোট আসন সংখ্যা ২৫। কিন্তু এবারে নির্বাচন হচ্ছে ২৩টি আসনে। এর মধ্যে ১৮টি আসনে পুরুষ প্রার্থী এবং ৫টি আসনে মহিলা প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী নির্বাচনের ফল ঘোষণার পর মহিলা প্রার্থীদের মধ্যে থেকে আরও দু'জনকে মনোনীত করবে বার কাউন্সিল অফ ইন্ডিয়া। এই দুটি আসন মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। ২৩টি আসনের জন্য ৭৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। রাজ্যের সমস্ত আদালতে একসঙ্গে নির্বাচন হওয়ায় ভোটগণনা এবং ফল প্রকাশে কিছুটা সময় লাগতে পারে বলে মনে করা হচ্ছে।

ইসালে সওয়াব সমাপ্ত

সোমবার সকালে ফুরফুরা শরিফে সমাপ্ত হল ইসালে সওয়াব। শেষ দোয়া করেন পিরজাদা সওবান সিদ্দিকি। পিরজাদা মওলানা ইমরান সিদ্দিকি কয়েকটি সময়ে জিকিরের মজলিস পরিচালনা করেন। পাঁচ হুজুরের দরবারে পিরসাহেবরা মানুষের খেদমত করেন।

বাড়ি ভেঙে আহত বৃদ্ধা

কলকাতায় পুরনো বিপজ্জনক বাড়ির একাংশ ভেঙে আহত বৃদ্ধা। সোমবার সতীন সেন সরণির ঘটনা। আহত বৃদ্ধা ছায়া বসাক (৭৯)। এদিন পুরনো বাড়ির সামনে দিয়ে যাচ্ছিলেন। তখন মাথায় চাঙড় খসে পড়ে। তাঁকে হাসপাতালে নিয়ে যান স্থানীয় কাউন্সিলর শান্তিরঞ্জন কুন্ডু।

আধার হাউজিং ফিনান্স লিমিটেড

Aadhar Housing Finance Ltd

কর্পোরেট অফিস: ৮০২, নটরাজ বাই রুস্তমজি, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, স্যার এম ভি রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই- ৪০০০৬৯, মহারাষ্ট্র

আসানসোল শাখা অফিস: ইউনিট নং ২০৩, ফ্লোর নং ২, চ্যাটার্জি প্লাজা, জিটি রোড, রামবন্ধু তলা, ওয়ার্ড নং ৪৩, আসানসোল, পশ্চিমবঙ্গ-৭১৩৩০৩

দখল বিজ্ঞপ্তি [পরিশিষ্ট-IV] (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল)-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতি কোম্পানির অনুমোদিত আধিকারিক হিসেবে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সম্পর্কিত ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন নীচে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত এএইচএফএল-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

ক্রম নং	ব্রাঞ্চের নাম / ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ) এর নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি)	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক	দখলের তারিখ
১.	[লোন কোড: ০১৮০০০০০৭০৮; ০১৮০০০০০৯১২ **আসানসোল শাখা**] অপূর্ব সাধন গাঙ্গুলি **(ঋণগ্রহীতা)** শান্তনু গাঙ্গুলি **(সহ-ঋণগ্রহীতা ১)** রীনা গাঙ্গুলি **(সহ-ঋণগ্রহীতা ২)**	সামান্য কমবেশি ৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা- বড়জোড়দা, জে এল নং ৪৬, এল আর খতিয়ান নং ৭৬/১ এবং ৩৮ (২০১২ সালের বিক্রয় দলিল নং ০২৪৬৭ অনুসারে), এল আর খতিয়ান নং ৬৯৯ (পরচা অনুসারে), আর এস এবং এল আর প্লট নং ৩৭৯ এবং ৩৭০, থানা- ইন্দপুর, জেলা বাঁকুড়া। চৌহদ্দি: পূর্ব: প্লট নং ৩৭৯; পশ্চিম: ১০ ফুট চওড়া গ্রামের কাঁচা রাস্তা; উত্তর: প্লট নং ৩৭৫; দক্ষিণ: প্লট নং ৩৮০।	৯ অক্টোবর, ২০২৫ ₹ ১০০৪৯৪২/-	৬ মার্চ, ২০২৬

স্থান: আসানসোল
তারিখ: ১০.০৩.২০২৬

অনুমোদিত আধিকারিক
আধার হাউজিং ফিনান্স লিমিটেড

বাঁক অফ বড়ৌদা Bank of Baroda

সূর্য সেন স্ট্রিট শাখা
৩২, সূর্য সেন স্ট্রিট, কলকাতা-৭০০০০৯
ই-মেল: SURYAS@bankofbaroda.com

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার-A

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি, 'পরিশিষ্ট IV-A [রুল ৮(৬) ও বা ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও বা ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টগুলির প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম / লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**ঋণগ্রহীতা** **মিঃ সঞ্জিত মণ্ডল** (অ্যাকাউন্ট নম্বর ০৮৭৪০৬০০০০১৩৬৩) ঠিকানা: ফ্ল্যাট নং বি, থার্ড ফ্লোর, ৪২৯ বাঘাযতীন প্লেস, ৫, বিপ্লবী উল্লাসকর দত্ত রোড, কলকাতা-৭০০০৮৬ **সহ-ঋণগ্রহীতা** **শ্রীমতী দীপা মণ্ডল** ঠিকানা: ফ্ল্যাট নং বি, থার্ড ফ্লোর, ৪২৯ বাঘাযতীন প্লেস, ৫, বিপ্লবী উল্লাসকর দত্ত রোড, কলকাতা-৭০০০৮৬	সূচি গ তে উল্লিখিত সকল কমন অধিকার এবং কমন পরিষেবা এবং খরচ এবং এছাড়াও ফিক্সচার এবং ফিটিংস, ইলেকট্রিক স্থাপনা এবং জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ গ্রাউন্ড প্লাস তিনতলা বিল্ডিংয়ের থার্ড ফ্লোরের দক্ষিণ দিকে মার্বেলের মেঝের লিফটের সুবিধাযুক্ত ফ্ল্যাট নং বি এর সম্পত্তির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশের সমবন্ধক, সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৮৭৪ বর্গফুট যাতে দুটি বেডরুম, একটি ড্রইং কাম ডাইনিং রুম, একটি কিচেন, একটি টয়লেট এবং একটি ডবলুসি এবং একটি ব্যালকনি আছে যার অবস্থান কেএমসি প্রেমিসেস নং ৪২৯, বাঘাযতীন প্লেস এবং উক্ত সম্পত্তির জানা পোস্টাল ঠিকানা ৫, বিপ্লবী উল্লাসকর দত্ত রোড, বর্তমান থানা পাটুলি, পোস্ট অফিস বাঘাযতীন, কলকাতা-৭০০০৮৬, জেলা দক্ষিণ ২৪ পরগনা, ওয়ার্ড নং ১০১, বরো অফিস নং ১১। **সম্পত্তির মালিক: মিঃ সঞ্জিত মণ্ডল** **চৌহদ্দি: (দলিল অনুসারে): উত্তর:** ২০ ফুট চওড়া রাস্তা; **দক্ষিণ**: পরিমল সেনগুপ্তর সম্পত্তি; **পূর্ব**: অন্যদের জমি; **পশ্চিম**: ১৫.৬ ফুট চওড়া রাস্তা।	**₹১৭,৫২,১৬৫.৩৪** + চূড়ান্ত প্রদানের তারিখ পর্যন্ত পুনরায় অপ্রযুক্ত সুদ, মাশুল এবং চার্জ।	২৫.০৩.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৩৩,৮৩,৯৫৩/- / ₹৩,৩৮,৩৯৫/- / ₹২০,০০০/-	প্রতীকী	যে কোনও কাজের দিনে বিকাল ৩টা থেকে বিকাল ৫টা মোবাইল ৭৮৭৪৮১৪১৮২ (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানার জন্য অনুগ্রহপূর্বক **https://bankofbaroda.bank.in/e-auction** এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও **এই মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন: ৭৮৭৪৮১৪১৮২।**

১. এই বিক্রি সুরক্ষিত ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে।
২. সম্পত্তিগুলি প্রতীকী দখলে রয়েছে এবং বিডাররা প্রতীকী দখলে থাকা এই সম্পত্তিগুলি নিজের দায় ও ঝুঁকিতে ক্রয় করছেন।
৩. ব্যাঙ্ক উক্ত সম্পত্তিগুলির কেবলমাত্র প্রতীকী দখল হস্তান্তর করবে এবং নিলামে সফল বিডার বা ক্রেতা ব্যাঙ্কের থেকে এই সম্পত্তিগুলির বাস্তবিক দখলের জন্য দাবি জানাতে পারবেন না।
৪. সম্পত্তির বাস্তবিক দখল দিতে ব্যাঙ্ক কোনওভাবেই দায়ী বা কর্তব্যপরায়ণ থাকবে না।
৫. জমাকৃত অর্থাঙ্ক ফেরতের ক্ষেত্রে নিলামে সফল ক্রেতা কোনও সুদ পাওয়ার জন্য দাবি জানাতে পারবেন না।
৬. ই-নিলামের অব্যবহিত পরেই নিলামে সফল ক্রেতাকে উপরিলিখিত শর্ত ও নিয়মাবলি নিশ্চিতকরণের ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে হবে।
৭. বিক্রির পরে সফল বিডার ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে ব্যর্থ হলে তাঁর তরফে জমাকৃত বিডের ইএমডি অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।

তারিখ: ১০.০৩.২০২৬
স্থান: কলকাতা

নীরজ কুমার হিমাংশু
অনুমোদিত আধিকারিক
সূর্য সেন স্ট্রিট শাখা
ব্যাঙ্ক অফ বরোদা

যুকো ব্যাঙ্ক UCO BANK (A Govt. of India Undertaking)

জোনাল অফিস, শিলিগুড়ি
হিল কার্ট রোড, শিলিগুড়ি-৭৩৪০০১

ই-নিলাম বিজ্ঞপ্তি

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি
ই-নিলামের তারিখ: ২৭.০৩.২০২৬

২৭.০৩.২০২৬ তারিখে দুপুর ১টা থেকে বিকেল ৫টার মধ্যে প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে https://www.baanknet.com ওয়েব পোর্টালের মাধ্যমে ই-নিলাম আয়োজিত হবে।
ইএমডি এবং নথিপত্র জমার শেষ তারিখ ও সময়: ২৭.০৩.২০২৬, দুপুর ১২টা পর্যন্ত

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পত্তি(সমূহ) বিক্রির ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক প্রতীকী/ বাস্তবিক দখল [নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির বর্ণনার পাশে প্রযোজ্যমতো দখলের প্রকৃতি উল্লেখ করা হয়েছে] নিয়েছেন এবং এই ব্যাঙ্কের বকেয়া পুনরুদ্ধারের জন্য উক্ত সম্পত্তিগুলি 'যেখানে যেমন আছে', 'সেখানে যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে ২৭.০৩.২০২৬ তারিখে বিক্রি করা হবে।

স্থাবর / অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ

ক্রম নং	শাখা এবং অ্যাকাউন্টের নাম, অ্যাকাউন্ট নম্বর/ ব্রাঞ্চ ম্যানেজারের নাম ও যোগাযোগের নম্বর	সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম	ক) অনাদায়ী বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ	সংরক্ষণ মূল্য / ইএমডি / বিড বাড়ানোর মূল্য	পরিদর্শনের তারিখ ও সময়	ই-নিলামের তারিখ ও সময়
১.	**শাখা:** শিলিগুড়ি (০২১০) **অ্যাকাউন্টের নাম:** মিঃ যাদবেন্দর কুমার মিন্দা **সহ-আবেদনকারী:** মিসেস রিণু মিন্দা **অ্যাকাউন্ট নম্বর:** ০২১০০৬১০০১৮৯১০ **শাখা প্রবন্ধক:** ভাস্কর মাহালদার **যোগাযোগ নম্বর:** ৮৪৭২০০৭১০৫	সামান্য কমবেশি ৭ কাঠা জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত 'অঞ্জলি প্লাজা' নামে পরিচিত বেসমেন্ট-সহ ৪ তলা আবাসবাড়ির চতুর্থ তলে (থার্ড ফ্লোর) সামান্য কমবেশি ১০৯১ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) মাপের আবাসিক ফ্ল্যাট নং 'ই'-এর অপরিহার্য সমগ্র পরিমাণ, যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ২৬৯ (অংশ), আর এস প্লট নং ৪৭৫, এল আর খতিয়ান নং ৩৮০, আর এস খতিয়ান নং ২৯৬/১৪, এল আর শিট নং এল-১৭১, আর এস শিট নং ১৫, জে এল নং ২, তৌজি নং ৩, হোল্ডিং নং ৯১/১, ওয়ার্ড নং ৩১, শিলিগুড়ি পুরনিগম, নৌকাঘাট মোড়, এশিয়ান হাইওয়ে ২, পোস্ট অফিস- শিলিগুড়ি বাজার, মৌজা- ডাবগ্রাম, পরগনা- বৈকুণ্ঠপুর, থানা এবং অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস- ভক্তিনগর, জেলা- জলপাইগুড়ি, রাজ্য- পশ্চিমবঙ্গ। ২২.০৭.২০২২ তারিখের স্বত্বদলিল নং I-৭১২৫/২০২২ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী শ্রী যাদবেন্দর কুমার মিন্দা, পিতা- শ্রী পবন কুমার মিন্দা। **উপরিলিখিত জমিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর**- ৪৭১ নং প্লটের জমি; **দক্ষিণ**- ১৫ ফুট চওড়া রাস্তা; **পূর্ব**- দ্বিজেন্দ্র চন্দ্র চন্দের জমি; **পশ্চিম**- ১০ ফুট চওড়া এশিয়ান হাইওয়ে। **ফ্ল্যাটের চৌহদ্দি: উত্তর**- বিধিবদ্ধ ফাঁকা জায়গা; **দক্ষিণ**- অন্য ফ্ল্যাটের পরিসর; **পূর্ব**- বিধিবদ্ধ ফাঁকা জায়গা; **পশ্চিম**- অন্যের ফ্ল্যাট। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]**	**ক) ₹৪১,৭১,৮১৫.০৫** + অপ্রযুক্ত সুদ, চার্জ, খরচ ও মাশুল **খ) ১৫.০৭.২০২৪** **গ) ১৭.০৯.২০২৪**	**₹৩৮,০০,০০০.০০** **₹৩,৮০,০০০.০০** **₹১০,০০০.০০**	১১.০৩.২০২৬ সকাল ১১টা থেকে ২৫.০৩.২০২৬ বিকেল ৪টা	২৭.০৩.২০২৬ দুপুর ১টা থেকে বিকেল ৫টা প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে
২.	**শাখা:** শিবমন্দির (২৬৮৫) **অ্য